

প্রচার ধারনঃ চাষাবাদ
প্রচারতারিখঃ ১৭,২২,২৩,২৪/১২/২৫

কৃষি বিজ্ঞপ্তি

কৃষি তথ্য সার্ভিস, খুলনার এক বিজ্ঞপ্তিতে জানানো যাচ্ছে যে, গাছে আম ধারনের জন্য পরিচর্যা সবচেয়ে গুরুত্বপূর্ণ। এ সময় আম গাছে হপার পোকা ও পাউডারি মিলডিউ বা এ্যানথ্রাকনোজ রোগের আক্রমণ হতে পারে। অন্যদিকে বৃষ্টি, মেঘলা বা কুয়াশাছন্ন আবহাওয়ায় এ সমস্ত পোকা ও রোগের আক্রমণ বেশী হয়। প্রতিকার হিসাবে কীটনাশক সাইপারমেথ্রিন গ্রুপের যে কোন একটি (সুমিথিয়ন কট, রেলোথ্রিন, রিপকর্ড) প্রতি লিটার পানিতে ১মিঃলি হারে এবং ছত্রাক নাশকের মধ্যে ম্যানকোজেব/ কার্বেন্ডাজিম গ্রুপের যে কোন একটি (ইন্ডোফিল, ডায়থেনএম-৪৫, নেমিস্পোর/ অটোস্টিন, গোল্ডাজিম, নোইন) প্রতি লিটার পানিতে ২ গ্রাম হারে একত্রে মিশিয়ে স্প্রে করতে হবে। মুকুলের দৈর্ঘ্য ৩-৪ ইঞ্চি বা ফুল ফোটার আগে একবার, একমাস পর আমের গুটি মটর দানার মত হলে দ্বিতীয়বার এবং আমের গুটি মার্বেলের মত হলে তৃতীয়বার স্প্রে করতে হবে। এ সব ওষুধের কার্যকাল সাধারণত ২১ দিন। তৃতীয়বার স্প্রে করার পর ৪০-৪৫ দিন পরে আম পলিথিন দিয়ে ব্যাগিং করলে ক্ষতিকর পোকামাকড় মুক্ত আম উৎপাদন করা সম্ভব।

প্রচারেঃ কৃষি তথ্য সার্ভিস, খুলনা।

১৭/১২/২৫
(কৃষিবিদ শারমিনা শামিম)
আঞ্চলিক বেতার কৃষি অফিসার
কৃষি তথ্য সার্ভিস,
খুলনা।